



জেলা পরিষদ, কুমিল্লা

স্মারক নং: জেপক/৪-১৫/বৃত্তি/২০০৩/

তারিখ: ০৪-০১-২০০৩ইং

শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি

২০০২-২০০৩ অর্থবছরের জন্য বাংলাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত ও এসএসসি/ এইচএসসি বা সমমানের পরীক্ষার ফরম পূরণের নিমিত্তে কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা গরীব ও মেধাবী শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে এককালীন শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১) ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত প্রার্থীগণ সরকার অনুমোদিত স্কুল/ মাদ্রাসা থেকে সর্বশেষ বার্ষিক/ চূড়ান্ত পরীক্ষায় যারা ১ম/২য় স্থান অধিকার করেছে।
- ২) এসএসসি/ এইচএসসি পরীক্ষার ফরম পূরণ শিক্ষার্থীদের মধ্যে জাভা টেস্ট/ নির্বাচনী পরীক্ষায় ১ম/ ২য় স্থান অধিকার করেছে।
- ৩) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত প্রার্থীগণ যারা এসএসসি/ দাখিল পরীক্ষায় গড়ে ন্যূনতম ৬০% নম্বর অর্জন করেছে।
- ৪) আবেদনের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (ক) সত্যায়িত পাসপোর্ট সাইজের এক কপি ছবি, (খ) বার্ষিক পরীক্ষা/ এসএসসি/ দাখিল পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত অনুলিপি, (গ) চাহিত যোগ্যতার সমর্থনে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি, (ঘ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে দিতে হবে।
- ৫) প্রার্থীকে তার নিজ উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে থেকে নমুনা ফরম সংগ্রহ করে নমুনা অনুযায়ী আবেদন পূরণপত্রিক আবেদনের সাথে শর্ত মোতাবেক কাগজপত্র সংযুক্ত করে আগামী ১৫-০২-২০০৩ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।
- ৬) প্রাপ্ত দরখাস্তসমূহ যাচাই-বাছাইপূর্বক প্রত্যেক উপজেলার জন্য নির্ধারিত সংখ্যক শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।
- ৭) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ৮) শিক্ষাবৃত্তি প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ডিএফপি-৬৭৪-১১/১/০৩
স-২৪৬(৬x২)

সূভাষ চন্দ্র সরকার
প্রধান নির্বাহী কর্মকর্তা।